
| |
|---|
| প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী |

# মা-বাবা বা অভিভাবকদের জন্য তথ্য




## স্কুল মূল্যায়নের পেনসিলভানিয়া সিস্টেম
## (Pennsylvania System of School Assessment, PSSA)

ইংরেজি ভাষা কলা (English Language Arts) মূল্যায়ন, <u>এপ্রিল 9-13, 2018</u>
অঙ্ক মূল্যায়ন, <u>এপ্রিল 16-20, 2018</u>
বিজ্ঞান মূল্যায়ন, <u>এপ্রিল 23-27, 2018</u>

**PSSA সম্পর্কে সাধারণ তথ্য**

**কোন কোন স্কুল অংশগ্রহণ করছে?**
সমস্ত স্কুল ডিস্ট্রিক্ট ও চার্টার স্কুলগুলো মূল্যায়নে অংশগ্রহণ করবে। বেসরকারী ও ব্যক্তিগত মালিকানাধীন স্কুলগুলিও একটি স্বেচ্ছামূলক ভিত্তিতে অংশ নিতে পারে,

**কোন কোন শিক্ষার্থীরা এই মূল্যায়নে অংশ নেবে?**
বিকল্প মূল্যায়নের নির্দিষ্ট মানদণ্ড পূরণ করছে এমন কিছু শিক্ষার্থীরা ছাড়া নিচে যেমন বলা আছে সেই অনুসারে মূল্যায়নে অন্তর্ভুক্ত সমস্ত শিক্ষার্থীরা অংশ নেবে:

ELA এবং অঙ্কের-গ্রেড 3, 4, 5, 6, 7, ও 8
বিজ্ঞান-গ্রেড 4 ও 8

**কী কী মূল্যায়ন করা উচিত সেই বিষয়ে কারা সিদ্ধান্ত নিয়েছেন?**
পেনসিলভানিয়াতে সমস্ত স্তরের শিক্ষার থেকে শিক্ষাবিদদের গোষ্ঠীরা জ্ঞান ও দক্ষতার সেইসকল ক্ষেত্রগুলি বেছে নেবেন যেগুলির উপর মূল্যায়নগুলি ভিত্তি করে। এই গোষ্ঠীগুলিতে থাকছেন শিক্ষার্থী, সুপারভাইজর, পাঠ্যক্রমের নির্দেশক ও কলেজ বিশেষজ্ঞরা। এছাড়াও তারা পরীক্ষার আইটেমগুলি পর্যালোচনা, সম্পাদনা ও অনুমোদন করেছেন।

**মূল্যায়নগুলি কারা পরিচালনা করেন?**
প্রতিটি স্কুল মূল্যায়নগুলি পরিচালনাকারী ব্যক্তি(দের)কে বেছে নেয়। বেশিরভাগ ক্ষেত্রে, এইসব শিক্ষকরা শিক্ষার্থীদের বিল্ডিং থেকে আসেন।

**ফলাফলগুলি কীভাবে জানানো হয়?**
মা-বাব, শিক্ষক, স্কুল কাউন্সেলর এবং/অথবা অধ্যক্ষের কাছে সমস্ত অংশগ্রহণকারী স্কুল ও ডিস্ট্রিক্টকে সমস্ত মূল্যায়নের জন্য প্রতিটি শিক্ষার্থীর রিপোর্টের ক্ষেত্রে দুটি প্রতিলিপি দেওয়া হবে। অন্তর্ভুক্ত কোনো স্বতন্ত্র ব্যক্তির নামে স্টেট কোনো রিপোর্ট পাবে না।

স্কুল স্তরের রিপোর্টগুলি পাঠ্যক্রম ও উদ্দেশ্য পরিকল্পনার জন্য ব্যবহার করা হবে। স্কুল ডিস্ট্রিক্ট ও চার্টার স্কুলগুলি প্রতিটি স্কুলের PSSA পরীক্ষার ফলাফল প্রকাশ করতে পারে। স্টেট প্রতিটি-স্কুল-ভিত্তিক মূল্যায়নের তথ্যও প্রকাশ করবে।

**মা-বাবারা কি মূল্যায়ন দেখতে পাবেন?**
হ্যাঁ, একটি পরিস্থিতিতে। স্টেটের মূল্যায়ন শিক্ষার্থীর ধর্মীয় বিশ্বাসে দ্বন্দ্ব তৈরি করছে কিনা তা নির্ধারণ করতে পরীক্ষার উপাদানগুলি পাওয়ার সময় থেকে মানানসই করার সময়সূচির শেষ পর্যন্ত মা-বাবা বা অভিভাবকদের যাতে তাদের সুবিধামতো সময়ে স্কুলে স্টেট মূল্যায়নের পর্যালোচনা করার অধিকার থাকে তা <u>সুনিশ্চিত করার জন্য স্কুল সত্তাগুলির নীতি থাকা আবশ্যক।</u> এটিই হল বিধিনিয়মের অধীনে একমাত্র অনুমতিযোগ্য কারণ গোপনীয়তার চুক্তিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে, এবং মূল্যায়নের কোনো প্রতিলিপি অথবা মূল্যায়নের বিষয়গুলির কোনো টীকা স্কুল ছেড়ে বেরোনোর অনুমতি দেওয়া হবে না। পরীক্ষা পর্যালোচনার পর, যদি মা-বাবা বা অভিভাবক দেখতে পান যে পরীক্ষাটি তাদের ধর্মীয় বিশ্বাসের সাথে দ্বন্দ্ব তৈরি করে এবং তাদের শিক্ষার্থীকে(দের) এই পরীক্ষা থেকে অব্যাহতি দিতে চান তাহলে স্কুল ডিস্ট্রিক্টের সুপারিটেন্ডেন্ট, চার্টার স্কুলের চিফ এক্সিকিউটিভ অফিসার বা AVTS ডিরেক্টরকে লিখিতভাবে জানানো হলে মা-বাবা বা অভিভাবকের অধিকারকে অস্বীকার করা হবে না। পরীক্ষাটির পর্যালোচনা করার বন্দোবস্ত করার জন্য মা-বাবা বা অভিভাবকের তাদের শিশুর স্কুলের সাথে যোগাযোগ করা উচিত।

**পরীক্ষার অনিয়মগুলি রিপোর্ট করা**
যে সমস্ত মা-বাবা/অভিভাবকরা বিশ্বাস করেন যে পরীক্ষার একটি অনিয়ম হয়ে থাকতে পারে, তারা ঘটনাটি জানানোর জন্য ra-ed-pssa-keystone@pa.gov এ ইমেল করতে পারেন বা 844-418-1651 নম্বরে ফোন করতে পারেন।

**ইংরাজি ভাষা কলা মূল্যায়ন সম্পর্কিত তথ্য (গ্রেড 3 থেকে 8)**

**মূল্যায়নটির জন্য কত সময় লাগে?**
সমগ্র ইংরাজি ভাষা শিক্ষার মূল্যায়ন সম্পূর্ণ করতে তিন থেকে চার ঘন্টা লাগে। আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে মূল্যায়নের সময়সূচির বিষয়ে জানাবে।

**মূল্যায়নে কি কি রয়েছে?**
প্রতিটি শিক্ষার্থী ইংরাজি ভাষা কলা মূল্যায়নের জন্য তিনটি বিভাগের প্রশ্নাবলী সম্পূর্ণ করে। কিছু অংশ সমস্ত শিক্ষার্থীদের জন্য একই হবে, এবং কতগুলিতে বিভিন্ন শ্রেণীর প্রশ্ন থাকবে।

**মূল্যায়নে কি ধরণের প্রশ্ন থাকে?**
শিক্ষার্থীরা একাধিক-বিকল্পভিত্তিক, প্রমাণ-ভিত্তিক নির্বাচিত-প্রতিক্রিয়া এবং গঠিত-প্রতিক্রিয়ামূলক প্রশ্নগুলির উত্তর দেয়। একটি একাধিক-বিকল্পভিত্তিক প্রশ্নের ক্ষেত্রে, চারটি বিকল্প থেকে সঠিক উত্তর(গুলি) বেছে নিতে হয়। প্রমাণ-ভিত্তিক নির্বাচিত-প্রতিক্রিয়ামূলক প্রশ্নগুলির দুটি অংশ আছে, এবং শিক্ষার্থীরা প্রতিটি অংশ থেকে এক বা একাধিক উত্তর নির্বাচন করে। গঠিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নগুলিতে একটি সংক্ষিপ্ত-উত্তর (গ্রেড 3) বা পাঠ্য নির্ভর বিশ্লেষণ (গ্রেড 4 থেকে 8) থাকতে পারে, সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলির জন্য শিক্ষার্থীদের তাদের উত্তরের সমর্থনে একটি সংক্ষিপ্ত উত্তর দেওয়া আবশ্যক। পাঠ্য নির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্নের জন্য, শিক্ষার্থীরা একটি পাঠ্য বিশ্লেষণ করে এবং রচনা লেখার জন্য পাঠ অনুচ্ছেদ থেকে প্রমাণ ব্যবহার করে।

**গঠিত-প্রতিক্রিয়ামূলক বিষয়গুলির লিখিত উত্তরে কীভাবে স্কোর দেওয়া হয়?**
ইংরাজি ভাষা শিক্ষার জন্য লিখিত উত্তর একজন ELA-নির্দিষ্ট স্কোরের নির্দেশিকা প্রয়োগের বিষয়ে প্রশিক্ষিত মূল্যায়নকারী দেখবেন। ছোট প্রশ্নের উত্তরের জন্য, স্কোর কেবল বিষয়বস্তু ভিত্তিক। স্কোর করার প্রক্রিয়ার ক্ষেত্রে বানান ও যতচিহ্ন অন্তর্ভুক্ত নয়। বিষয়বস্তু ও লেখার দক্ষতা উভয়ের উপরে ভিত্তি করে পাঠ্য নির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তরগুলির স্কোর দেওয়া হয়।

**ইংরাজি ভাষা কলায় কী মূল্যায়ন করা হয়?**
ইংরাজি ভাষা কলার মূল্যায়নের ক্ষেত্রে ছটি প্রধান প্রতিবেদন বিভাগের পাশাপাশি দুই ধরণের পাঠ্য থাকে। শিক্ষার্থীরা ভাষা মূল্যায়নকারী স্বতন্ত্র একাধিক-বিকল্পযুক্ত বিষয়গুলির উত্তর দেয়। অতিরিক্তভাবে, শিক্ষার্থীরা সাহিত্য থেকে একাধিক অনুচ্ছেদ এবং তথ্যের ধরণ পড়ে এবং এইসব অনুচ্ছেদের প্রশ্নের উত্তর দেয় যা উভয় কম্প্রিহেনশন এবং পড়ার দক্ষতা এবং শিক্ষার্থীদের বিশ্লেষণ এবং বিভিন্ন ধরণের পাঠ্যের ব্যাখ্যা নির্দেশ করে।

**অঙ্ক মূল্যায়ন সম্পর্কিত তথ্য (গ্রেড 3 থেকে 8)**
**মূল্যায়নটির জন্য কত সময় লাগে?**
সমগ্র অঙ্ক মূল্যায়ন সম্পূর্ণ করতে প্রায় <u>দুই থেকে তিন</u> ঘন্টা লাগে। আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে মূল্যায়নের সময়সূচির বিষয়ে জানাবে।

**মূল্যায়নে কি কি রয়েছে?**
প্রতিটি শিক্ষার্থী অঙ্ক মূল্যায়নের জন্য <u>দুটি</u> বিভাগের প্রশ্নাবলী সম্পূর্ণ করে। কিছু অংশ সমস্ত শিক্ষার্থীদের জন্য একই হবে, এবং কতগুলিতে বিভিন্ন শ্রেণীর প্রশ্ন থাকবে।

**মূল্যায়নে কি ধরণের প্রশ্ন থাকে?**
শিক্ষার্থীদেরকে দুই ধরণের প্রশ্নের উত্তর দিতে হয়: একাধিক-বিকল্পযুক্ত ও ওপেন-এন্ডেড। একাধিক-বিকল্পযুক্ত প্রশ্নের ক্ষেত্রে, চারটি প্রদত্ত বিকল্প থেকে সঠিক উত্তরটি বাছাই করতে হয়, অন্যদিকে ওপেন-এন্ডেড প্রশ্নের ক্ষেত্রে শিক্ষার্থীকে তাদের উত্তরগুলি রচনা করতে হয়। ওপেন এন্ডেড প্রশ্নগুলির ক্ষেত্রে শিক্ষার্থীকে তার উত্তরগুলির সমর্থনে সাধারণত সবিস্তারে উত্তর দিতে হয় (যেমন গণনা সম্পূর্ণ করার জন্য সম্পন্ন করা ধাপগুলি দেখানো বা বর্ণনা করা)।

**ওপেন-এন্ডেড প্রশ্নের ক্ষেত্রে কিভাবে উত্তর লিখতে হয়?** অঙ্কের জন্য ওপেন এন্ডেড প্রশ্নাবলীর লিখিত উত্তরগুলিকে এমন মূল্যায়নকারীরা স্কোর দেবেন যাদের অঙ্ক-নির্দিষ্ট স্কোরের নির্দেশিকা প্রয়োগের ক্ষেত্রে প্রশিক্ষণ আছে। অঙ্কে/স্কোরগুলি কেবলমাত্র বিষয়বস্তু ভিত্তিক। স্কোর করার প্রক্রিয়ার অংশ হিসাবে ক্ষেত্রে বানান ও যতচিহ্ন অন্তর্ভুক্ত নয়।

**অঙ্কে কী মূল্যায়ন করা হয়?**
অঙ্কের মূল্যায়নের ক্ষেত্রে চারটি ক্লাস্টারের ক্ষেত্রে পাঁচটি প্রধান বিষয় রিপোর্টিং করা হয়। গ্রেডের স্তরের উপর নির্ভর করে প্রতিবেদন বিভাগগুলির মূল্যায়ন করা হয় এবং প্রতিটি প্রতিবেদন বিভাগের প্রশ্নগুলির অনুপাত পরিবর্তনশীল হয়। ক্লাস্টার A, নম্বর ও অপারেশন-এর মূল্যায়নের অংশ হিসেবে, গ্রেড 4 থেকে 8 এর শিক্ষার্থীরা ক্যালকুলেটর ছাড়া প্রশ্নের একটি সেটের উত্তর দেয়। গঠিত-প্রতিক্রিয়ামূলক বিষয়গুলির ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে তাদের সমস্ত কাজ (যেমন গণনা, গ্রাফ, অঙ্কন) দেখাতে হতে পারে এবং/অথবা সেগুলি তারা কীভাবে সমাধান করেছিল তা লিখিতভাবে ব্যাখ্যা করতে হতে পারে।

**বিজ্ঞান মূল্যায়ন সম্পর্কিত তথ্য (গ্রেড 4 থেকে 8)**
**মূল্যায়নটির জন্য কত সময় লাগে?**
সমগ্র বিজ্ঞান মূল্যায়নটি সম্পূর্ণ করতে প্রায় <u>দুই থেকে তিন</u> ঘন্টা লাগে। আপনার স্কুল ডিস্ট্রিক্ট আপনাকে মূল্যায়নের সময়সূচির বিষয়ে জানাবে।

**মূল্যায়নে কি কি রয়েছে?**
গ্রেড 4 ও 8 এর শিক্ষার্থীরা বিজ্ঞানের মূল্যায়নের জন্য দুটি বিভাগের প্রশ্নাবলী সম্পূর্ণ করবে। কিছু অংশ সমস্ত শিক্ষার্থীদের জন্য একই হবে, এবং কতগুলিতে বিভিন্ন শ্রেণীর প্রশ্ন থাকবে।

**মূল্যায়নে কি ধরণের প্রশ্ন থাকে?**
শিক্ষার্থীদেরকে দুই ধরণের প্রশ্নের উত্তর দিতে হয়: একাধিক-বিকল্পযুক্ত ও ওপেন-এন্ডেড। একাধিক-বিকল্পযুক্ত প্রশ্নের ক্ষেত্রে, চারটি প্রদত্ত বিকল্প থেকে সঠিক উত্তরটি বাছাই করতে হয়, অন্যদিকে ওপেন-এন্ডেড প্রশ্নের ক্ষেত্রে শিক্ষার্থীকে তাদের উত্তরগুলি রচনা করতে হয়। গ্রেড 8 এ, বিজ্ঞানের মূল্যায়নেও বিজ্ঞানের পরিস্থিতি থাকে।

**বিজ্ঞানের পরিস্থিতি কি?**
কোনো বিজ্ঞানের পরিস্থিতিতে পাঠ্য, গ্রাফিক্স, চার্ট এবং/অথবা সারণী থাকে এবং ক্লাস প্রোজেক্ট, পরীক্ষানিরীক্ষা বা অন্যান্য অনুরূপ গবেষণার ফলাফলগুলি বর্ণনা করার এইসব উপাদানগুলি ব্যবহার করা হয়। একাধিক-বিকল্পযুক্ত প্রশ্নের উত্তর দিতে শিক্ষার্থীরা বিজ্ঞান পরিস্থিতি প্রাপ্ত উত্তর লিখবে।

**ওপেন-এন্ডেড প্রশ্নের ক্ষেত্রে কিভাবে উত্তর লিখতে হয়?**
বিজ্ঞানের ওপেন এন্ডেড বিষয়গুলির জন্য লিখিত উত্তরগুলিকে এমন মূল্যায়নকারীরা স্কোর দেন যাদের বিজ্ঞান-নির্দিষ্ট স্কোরের নির্দেশিকা প্রয়োগের ক্ষেত্রে প্রশিক্ষণ আছে। বিজ্ঞানে, স্কোরগুলি কেবলমাত্র বিষয়বস্তু ভিত্তিক। স্কোর করার প্রক্রিয়ার ক্ষেত্রে বানান ও যতচিহ্ন অন্তর্ভুক্ত নয়।

**বিজ্ঞানের কি কি মূল্যায়ন করা হয়?**
বিজ্ঞানের মূল্যায়নে চারটি প্রধান বিষয়ের রিপোর্টিং বিভাগ উল্লেখ করা হয়: বিজ্ঞানের প্রকৃতি, জীবন বিজ্ঞান, ভৌত বিজ্ঞান এবং পৃথিবী এবং মহাকাশ বিজ্ঞান গ্রেডের স্তরের উপর নির্ভর করে প্রতিটি প্রতিবেদন বিভাগের বিষয়গুলির অনুপাত পরিবর্তনশীল হয়।